

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ১০, ২০০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রজ্ঞাপন

তারিখ, ১০ই এপ্রিল ২০০৩/২৭শে চৈত্র ১৪০৯

এস, আর, ও নং ৯৪-আইন/২০০৩—Emigration Ordinance, 1982 (Ord. XXIX of 1982) এর Section-19 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ওয়েজ আর্নার্স কল্যাণ তহবিল বিধিমালা, ২০০২ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার—

- (ক) প্রস্তাবনার “XXIV” সংখ্যাটির পরিবর্তে “XXIX” সংখ্যাটি প্রতিস্থাপিত হইবে;
- (খ) বিধি ১ এর উপাত্তিকার “এবং প্রবর্তন” শব্দগুলি বিলুপ্ত হইবে;
- (গ) বিধি ২ এর—
- (অ) দফা (ক) এর “XXIV” সংখ্যাটির পরিবর্তে “XXIX” সংখ্যাটি প্রতিস্থাপিত হইবে;
- (আ) দফা (ঙ) এর “বিধির” পরিবর্তে “ধারা” শব্দটি প্রতিস্থাপিত হইবে;
- (ঘ) বিধি ৩ এর উপ-বিধি ২ এর দফা (গ) এর পর নিম্নরূপ নতুন দফা (গগ) সন্নিবেশিত হইবে যথা :—
- “(গগ) বাংলাদেশ মিশনে গৃহীত কনসুলার ফি-এর উপর ১০% হারে সারচার্জের অর্থ”;
- (ঙ) বিধি ৬ এর—
- (অ) বিধানটি উপ-বিধি (১) হিসাবে সংখ্যাগ্নিত হইবে এবং উহার দফা (জ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (জ) প্রতিস্থাপিত হইবে, যথা :—
- “(জ) বোর্ডের কার্যক্রম পরিচালনা এবং ওয়েজ আর্নার্স কল্যাণ তহবিল দ্বারা পরিচালিত যানবাহন (বাস, ট্রাক, কার, মাইক্রোবাস ইত্যাদি),

(৭০৭৫)

মূল্যঃ টাকা ১.০০

One stop service বিমান বন্দরে কল্যাণ ডেকের জন্য কর্মকর্তা ও কর্মচারীর পদ সৃষ্টি, নিয়োগ ও বেতন নির্ধারণ এবং বোর্ড সদস্যদের সভায় যোগদানের জন্য সম্মানী নির্ধারণঃ”

(আ) উপ-বিধি (১) এর পর নিম্নরূপ নতুন উপ-বিধি (২) সংযোজিত হইবে, যথা ঃ—

“(২) অর্ডিন্যান্সের সহিত সংগতিপূর্ণ হওয়া সাপেক্ষে, সরকার গেজেটে প্রজ্ঞাপন দ্বারা বোর্ডকে উপ-বিধি (১) এর উল্লিখিত ক্ষমতা ছাড়াও অন্য যে কোন ক্ষমতা প্রদান করিতে পারিবে”।

অতিরিক্ত কপি

১০০৫/০৫ সন্থীক. সার্বভৌমত্ব রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ দলিলউদ্দিন মন্ডল
ভারপ্রাপ্ত সচিব।

১০০৫/০৫ সন্থীক. সার্বভৌমত্ব রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ দলিলউদ্দিন মন্ডল
ভারপ্রাপ্ত সচিব।

১০০৫/০৫ সন্থীক. সার্বভৌমত্ব রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ দলিলউদ্দিন মন্ডল
ভারপ্রাপ্ত সচিব।

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।